# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd


নং-বামাশিবো/প্রশা/মাদারীপুর-০৯/১৩৫ তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ / ২৭ জুলাই ২০২৬

বিষয় : অনুমোদিত গভর্নিং বডি বাতিল করণ প্রসঙ্গে।

সূত্র : ১। স্মারক নং ০৫.৪১.৫৪৪০.০০০.০৮.০০৪.২৬-৩৬৫ তারিখ: ২৫.০৬.২০২৬খ্রি.;
২। নং- বামাশিবো/প্রশা/৩৩০২৫১১০৭০৬১/১২০৩৭৫ তারিখ: ২৭-১০-২০২৫ খ্রিঃ;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মাদারীপুর জেলার কালকিনি উপজেলাধীন ক্রোকিরচর ইসলামিয়া মহিলা আলিম মাদ্রাসার সদ্য অবসরপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মাওলানা গোলাম মোস্তফা তাঁর চাকরির মেয়াদান্তে অবসরে যাওয়ার প্রাক্কালে নিকটাত্মীয়দের সমন্বয়ে জাল-জালিয়াতি ও বিধি-বহির্ভূতভাবে গভর্নিং বডি গঠন করেন। উক্ত অনিয়ম ও জালিয়াতির মাধ্যমে গঠিত কমিটির মাধ্যমে একজন ৩য় শ্রেণীর কর্মচারীকে বিধি-বহির্ভূতভাবে শরীরচর্চা শিক্ষক হিসেবে নিয়োগ প্রদানপূর্বক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব অর্পণ করা হয়েছে এবং সাবেক অধ্যক্ষের নিজ নিকটাত্মীয়সহ মোট ৫ (পাঁচ) জন শিক্ষককে বিধিবহির্ভূতভাবে নিয়োগ প্রদান করা হয়েছে মর্মে ভারপ্রাপ্ত অধ্যক্ষসহ উক্ত মাদ্রাসার ১৬ (ষোলো) জন শিক্ষক-কর্মচারী কর্তৃক লিখিত অভিযোগ দাখিল করা হয়। অভিযোগের ভিত্তিতে বোর্ডের পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, কালকিনি, মাদারীপুর কর্তৃক তদন্ত পূর্বক সূত্রোক্ত ১নং স্মারক পত্রে প্রতিবেদন প্রেরণ করেন।

তদন্তে বিধি-বহির্ভূতভাবে জাল-জালিয়াতির মাধ্যমে গভর্নিং বডি গঠন ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিয়োগ সংক্রান্ত অভিযোগের সত্যতা প্রমাণিত হওয়ায় কারণ দর্শানো পত্র দেয়া হয়। কারণ দর্শানো পত্রের আলোকে মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক লিখিত জবাব দাখিল করা হয়েছে। দাখিলকৃত জবাব পর্যালোচনায় দেখা যায় সাবেক অধ্যক্ষ কর্তৃক বিধি বহির্ভূতভাবে কমিটি গঠন ও ভারপ্রাপ্ত নিয়োগ সংক্রান্ত বিষয়টি সত্য প্রমাণিত হয় এবং উক্ত অনিয়মের কারণে ইতোমধ্যে সভাপতি, ৩ (তিন) জন শিক্ষক প্রতিনিধি এবং ১ (এক) জন অভিভাবক সদস্য স্বপদ হতে পদত্যাগপত্র জমা দিয়েছেন।

এমতাবস্থায় গভর্নিং বডি গঠনে জাল-জালিয়াতি ও অনিয়ম প্রমাণিত হওয়ায় এবং সভাপতিসহ ৪ (চার) জন সদস্য পদত্যাগ করায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (দাখিল ও আলিম স্তরের বেসরকারি মাদ্রাসার ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি) প্রবিধানমালা, ২০২৫-এর বিধান ৭১ মোতাবেক সূত্রোক্ত ২নং স্মারক পত্রে অনুমোদিত গভর্নিং বডি এতদ্বারা বাতিল করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর এস এম তৌহিদুজ্জামান
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

২৭.০৭.২৬

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ
ক্রোকিরচর ইসলামিয়া মহিলা আলিম মাদ্রাসা
পো: সাহেবরামপুর, কালকিনি, মাদারীপুর।

নং-বামাশিবো/প্রশা/মাদারীপুর-০৯/১৩৫ তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩ / ২৭ জুলাই ২০২৬

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা প্রশাসক, মাদারীপুর;
২. জেলা শিক্ষা অফিসার, মাদারীপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, কালকিনি, মাদারীপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালকিনি, মাদারীপুর;
৫. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:, .................... শাখা, কালকিনি, মাদারীপুর;
৬. সভাপতি/সদস্যবৃন্দ, গভর্নিং বডি, ক্রোকিরচর ইসলামিয়া মহিলা আলিম মাদ্রাসা, সাহেবরামপুর, কালকিনি, মাদারীপুর;
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

২৭.০৭.২৬

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

D:\Admin - Committee\Belayet\Committee Stay Order.doc

২৭.০৭.২৬